# শব্দ , পদ ও বাক্য

## প্রশ্নোত্তর পর্ব

**১। প্রশ্ন : শব্দ কাকে বলে ? উদাহরণ দাও ।**

উত্তর । কতকগুলি বর্ণ পাশাপাশি বসে যদি কোনো অর্থ বা মনের ভাব প্রকাশ করে, তবে তাকে শব্দ বলে । যেমন - একটি ধ্বনি বা বর্ণের শব্দ 'খ' (আকাশ অর্থে) আবার একাধিক ধ্বনি বা বর্ণের শব্দ বাতাস , নদী , পাহাড় ইত্যাদি ।

**২। প্রশ্ন : পদ কাকে বলে ? উদাহরণ দাও ।**

উত্তর । যখন শব্দকে বিভক্তি যুক্ত করে বাক্যে ব্যবহারের উপযোগী করা হয়, তখন তাকে পদ বলে । যেমন - বাঘকে সবাই ভয় করে । এই বাক্যটিতে তিনটি পদ আছে, বাঘকে, সবাই, ভয় করে ।

**৩। প্রশ্ন : বিভক্তি কী ?**

উত্তর । যে ধ্বনি বা ধ্বনিগুচ্ছ (লেখ্যরূপে বর্ণ বা বর্ণগুচ্ছ) শব্দের সঙ্গে যুক্ত হয়ে শব্দকে বাক্যে ব্যবহারের উপযোগী করে তোলে, তাকে বিভক্তি বলে । যেমন - গাছে থাকে সাপ । গাছে = গাছ + এ , থাকে = থাক্ +এ , সাপ = সাপ + অ (লুপ্ত) ---- তিনটি মূল শব্দ হল গাছ , থাক্ এবং সাপ । 'গাছ'-এর সঙ্গে যুক্ত হয়েছে 'এ', 'থাক্'-এর যুক্ত হয়েছে 'এ' এবং 'সাপ'-এর ক্ষেত্রে 'অ' লুপ্ত । এই 'এ' হল বিভক্তি ।

Scanned with CamScanner

**৪। প্রশ্ন : বিভক্তি কত প্রকার ও কী কী ?**

উত্তর । বিভক্তি দুই প্রকার । যথা - ক) শব্দবিভক্তি , খ) ক্রিয়াবিভক্তি ।

**৫। প্রশ্ন : শব্দবিভক্তি কাকে বলে ? উদাহরণ দাও ।**

উত্তর । শব্দের সঙ্গে যে বিভক্তি যুক্ত হয় , তাকে বলে শব্দবিভক্তি । যেমন- কে, র, এর,এ, য়, তে, এতে ইত্যাদি ।

**৬। প্রশ্ন : ক্রিয়াবিভক্তি কাকে বলে ? উদাহরণ দাও ।**

উত্তর । ক্রিয়াপদের সঙ্গে যে বিভক্তি যুক্ত হয়, তাকে বলে ক্রিয়াবিভক্তি । যেমন- কর্ ধাতুর সঙ্গে 'এ'বিভক্তি যুক্ত করে 'করে' হয় তেমনি 'ছে','বে', 'ছি', 'আছ', 'আছি', 'আছে' ইত্যাদি ।

**৭। প্রশ্ন : বাক্য কাকে বলে ?**

উত্তর । এক বা একাধিক পদ পরপর সঠিকভাবে বসে যখন একটি অর্থ বা মনের ভাব প্রকাশ করে, তখন তাকে বাক্য বলে ।

**৮। প্রশ্ন : একটি করে একপদী ও বহুপদী বাক্যের উদাহরণ দাও ।**

উত্তর । **একপদী বাক্য :** হ্যাঁ , না ইত্যাদি ।

**বহুপদী বাক্য :** কাজল ফুটবল খেলছে ।

Scanned with CamScanner

**৯। প্রশ্ন : বাক্য গঠনের কয়টি শর্ত ও কী কী ?**

উত্তর । বাক্য গঠনের তিনটি শর্ত । যথা - পদস্থাপন রীতি, বাক্যের যোগ্যতা, আকাঙ্ক্ষা পূরণ ।

**১০। প্রশ্ন : খায় পাখি ফল ----বাক্য গঠনের কোন্ শর্ত মানে নি ?**

উত্তর । প্রশ্নোদ্ধৃত বাক্যটি বাক্য গঠনের পদস্থাপন রীতির শর্ত মানে নি ।

**১১। প্রশ্ন : ছাগলটি আকাশে উড়ছে ----বাক্য গঠনের কোন্ শর্ত মানে নি ?**

উত্তর । প্রশ্নোদ্ধৃত বাক্যটি বাক্যের যোগ্যতার শর্ত মানে নি ।

**১২। প্রশ্ন : আমি তোমাকে একটা ----বাক্য গঠনের কোন্ শর্ত মানে নি ?**

উত্তর । প্রশ্নোদ্ধৃত বাক্যটি বাক্য গঠনের আকাঙ্ক্ষা পূরণের শর্ত মানে নি ।

**১৩। প্রশ্ন : বাক্যকে কয়টি ভাগে ভাগ করা যায় ও কী কী ?**

**উত্তর :** বাক্যের প্রধান ভাগ দুটি : ১. উদ্দেশ্য ২. বিধেয় ।

**১৪। প্রশ্ন : একটি বাক্যের মধ্য দিয়ে উদ্দেশ্য ও বিধেয় অংশ চিহ্নিত করো।**

উত্তর : 'সে স্কুলে যায়' ।---- এই বাক্যের দুটি অংশ আছে ।

'সে' হল উদ্দেশ্য । আর 'স্কুলে যায়' বিধেয় ।

Scanned with CamScanner

**১৫। প্রশ্ন : উদ্দেশ্য কাকে বলে ? উদাহরণ দাও ।**

উত্তর : বাক্যে যার সম্বন্ধে কিছু বলা হয় , তাকে উদ্দেশ্য বলে । যেমন - হান্স; রাজামশাই; সবাই ।

**১৬। প্রশ্ন : বিধেয় কাকে বলে ? উদাহরণ দাও ।**

উত্তর : উদ্দেশ্য সম্বন্ধে যা কিছু বলা হয় তা হল বিধেয় । যেমন - চঞ্চল হয়ে উঠল; তখন গেলেন খেপে; বাঘকে ভয় করে ।

**১৭। প্রশ্ন : উদ্দেশ্য প্রসারক কাকে বলে ?**

উত্তর : যে পদের দ্বারা উদ্দেশ্যকে প্রসারিত করা হয়, তাকে উদ্দেশ্য প্রসারক বলে । যেমন - সৃজা ছবি আঁকবে । এই বাক্যে সৃজা হল উদ্দেশ্য আর 'তানিয়ার ভাই'-এই শব্দগুলি সৃজার আগে যুক্ত করলে তখন 'তানিয়ার ভাই' হবে উদ্দেশ্য প্রসারক ।

**১৮। প্রশ্ন : বিধেয় প্রসারক কাকে বলে ?**

উত্তর : যে পদের দ্বারা বিধেয়র প্রসারণ ঘটানো হয়, তাকে বিধেয় প্রসারক বলে । যেমন - সৃজা ছবি আঁকবে । এই বাক্যে 'ছবি আঁকবে' হল বিধেয় আর 'খাতায়'-এই শব্দটি 'ছবি আঁকবে'-র আগে যুক্ত করলে তখন 'খাতায়' হবে বিধেয় প্রসারক ।

Scanned with CamScanner

**১৯। প্রশ্ন : একটি বাক্যের মধ্য দিয়ে উদ্দেশ্য প্রসারক ও বিধেয় প্রসারক অংশ চিহ্নিত করো।**

উত্তর : তসলিমার বোন কেয়া গল্পের বই পড়ছে।—এই বাক্যটিতে 'তসলিমার বোন' হল উদ্দেশ্য প্রসারক। 'গল্পের বই' হল বিধেয় প্রসারক।

**২০। প্রশ্ন : একটি বাক্য কখন শুদ্ধ ও সার্থক বাক্য হয় ?**

উত্তর। একটি বাক্য যখন পদস্থাপনরীতি, সংগতি রক্ষা বা যোগ্যতা এবং শ্রোতার ন্যূনতম আকাঙ্ক্ষা পূরণ --- এই তিনটি শর্ত পালন করে তখন তা হয় একটি শুদ্ধ ও সার্থক বাক্য।

Scanned with CamScanner